৩৬

তারিখ ... 26 JUL 1997 ...
পৃষ্ঠা ৩ ... কলাম ৫ ...

দৈনিক ইত্তেফাক

## 'চর দখলের ন্যায় ছাত্রলীগ সূর্যসেন হল দখল করিয়া নিয়াছে'

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ গত বৃহস্পতিবার ছাত্রদলের উদ্যোগে মধুর ক্যান্টিনে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে বলা হইয়াছে, চর দখলের মত হল দখলের নগ্ন খেলায় ছাত্রলীগ পুলিশ প্রশাসনের সহযোগিতায় বিনা উস্কানিতে সূর্যসেন হল দখল করিয়া নিয়াছে। ছাত্রলীগ বিশ্ববিদ্যালয়ের ভিসির সহযোগিতায় নারকীয় সন্ত্রাস চালাইতেছে। ভিসিসহ প্রশাসন ক্যাম্পাসে একের

(৫ম পৃঃ দ্রঃ)

### চর দখলের ন্যায়

(৩য় পৃঃ পর)

পর এক প্রহসনমূলক নাটক মঞ্চস্থ করিয়া চলিয়াছে। লিখিত বক্তব্যে বলা হয়, সূর্যসেন হল হইতে বিতাড়িত ছাত্রদল নেতা-কর্মীদের অবিলম্বে হলে পুনর্বাসিত করা না হইলে আগামী ২৭ই জুলাই হইতে বিশ্ববিদ্যালয়ে অনির্দিষ্টকালের জন্য ছাত্র ধর্মঘট শুরু করা হইবে। লিখিত বক্তব্য পাঠ করেন দলের সাধারণ সম্পাদক হাবিবুন নবী সোহেল। সাংবাদিকদের প্রশ্নের জবাব দেন দলের সভাপতি শহীদউদ্দিন চৌধুরী এ্যানি। ছাত্রনেতা নাসির-উদ্দিন পিন্টু, মোশাররফ হোসেন, মঞ্জুর এলাহী, মনোয়ার হোসেন রানা, সাহাবুদ্দিন, নাসিরউদ্দিন অসীম, সেলিমুজ্জামান, নুরুল হক জিতু প্রমুখ এ সময় উপস্থিত ছিলেন।

2 6 JUL 1997